

## Appendix C

### ENTITLEMENT LETTER

প্রিয় পিতা-মাতা/অভিভাবক:

আপনার সন্তান \_\_\_\_\_-কে ভর্তি করার সময় আপনি 'বাড়িতে ব্যবহৃত ভাষা চিহ্নিতকরণ জরীপ' (এইচ.এল.আই.এস.) (Home Language Identification Survey, HLIS)-এ অংশ গ্রহণ করেছিলেন। ঐ জরীপে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনার দেয়া তথ্যের উপর ভিত্তি করে আপনার সন্তানকে ভাষাগত মূল্যায়ন পদ্ধতি (ল্যাভ-আর.) (Language Assessment Battery, LAB-R) দ্বারা তার ইংরেজী ভাষায় দক্ষতা যাচাই করা হয়। আপনার সন্তান ল্যাভ-আর.-এ \_\_\_\_\_ নম্বর পেয়ে একজন ইংরেজী ভাষা শিক্ষার্থী (ই.এল.এল.) হিসেবে নীচে উল্লেখিত কর্মসূচীসমূহের যে কোন একটিতে অংশগ্রহণের যোগ্য বিবেচিত হয়েছে:

- **ক্রান্তিকালীন দ্বি-ভাষী শিক্ষা কর্মসূচী-তে (Transitional Bilingual Education, TBE)** ভাষা এবং মূল বিষয়গুলোর শিক্ষা দেয়া হয় শিক্ষার্থীর জন্মগত ভাষায় এবং একই সঙ্গে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজীতে দেয়া হয় দৃঢ় শিক্ষাগত নির্দেশনা। শিক্ষার্থী যেভাবে তার ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি করতে থাকবে তার জন্মগত ভাষায় লক্ষ জ্ঞান এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে, সে ভাবে ইংরেজীতে নির্দেশনা বাড়তে থাকবে এবং জন্মগত ভাষায় নির্দেশনা কমতে থাকবে।
- **দ্বৈত-ভাষা কর্মসূচীতে (Dual Language Program)** কর্মসূচীতে অর্ধেক শিক্ষা দেয়া হয় ইংরেজীতে এবং অর্ধেক শিক্ষা দেয়া হয় কর্মসূচীর উদ্দীষ্ট ভাষায় (যেমন: স্প্যানিশ, চাইনীজ, হেশিয়ান ফ্রেংল)। উদ্দীষ্ট ভাষার শিক্ষার্থীদের পাশাপাশি ইংরেজী ভাষার শিক্ষার্থীদেরও শিক্ষা দেয়া হয় যাতে করে শিক্ষার্থীরা হয় উভ-শিক্ষিত ও উভ-সাংস্কৃতিক।
- **স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচী-তে (Freestanding English as a Second Language, ESL)** বিশেষ শিক্ষা পরিকল্পনার মাধ্যমে সমস্ত পড়ালেখা করানো হয় ইংরেজী ভাষার মাধ্যমে।

আপনার সন্তান কি কি শিক্ষামূলক কর্মসূচী এবং সেবা লাভ করতে পারে সে ব্যাপারে প্রশ্ন করার এবং আপনার সন্তানকে আপনার পছন্দ অনুযায়ী কর্মসূচীতে ভর্তি করার সুযোগ আপনি লাভ করতে পারেন আগামী \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_-এ অনুষ্ঠিতব্য পিতা-মাতা ও অভিভাবকদের জন্য তথ্য-পরিচিতিমূলক সভায়। অনুগ্রহপূর্বক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম (Parent Survey and Program Selection Form) (যা এ চিঠির সাথে সংযুক্ত করা আছে) সঙ্গে নিয়ে আসবেন। তথ্য-পরিচিতিমূলক সভার শেষে আপনাকে ফরম পূরণ করতে এবং আপনার পছন্দক্রম অনুযায়ী এমনভাবে কর্মসূচী নির্বাচন করতে বলা হবে যেনো বুঝা যায় যে, আপনার প্রথম পছন্দটি হচ্ছে সে কর্মসূচী, যেখানে আপনি আপনার সন্তানকে ভর্তি করতে সবচেয়ে বেশী আগ্রহী, এমনকি সে কর্মসূচী বর্তমানে আমাদের স্কুলে না থাকলেও। এ তথ্য আমাদেরকে পিতা-মাতার প্রয়োজনানুযায়ী কর্মসূচী তৈরী করতে সহায়তা করবে। আপনাকে অত্যন্ত গুরুত্বের সাথে তথ্য-পরিচিতিমূলক সভায় উপস্থিত থাকতে উৎসাহিত করা হচ্ছে যাতে আপনি জেনে-শুনে সিদ্ধান্ত নিতে পারেন। সে যাই হোক, যদি আপনার দ্বারা তথ্য-পরিচিতিমূলক সভায় উপস্থিত হওয়া সম্ভব না হয়, তাহলে অনুগ্রহ করে অভিভাবক সমন্বয়কারী \_\_\_\_\_-এর সাথে \_\_\_\_\_-এ ফোন করে সাক্ষাতের তারিখ ঠিক করুন অথবা ফোনে আলাপ করে কর্মসূচীর বিভিন্ন বিকল্পগুলো সম্বন্ধে আলোচনা করুন। তা সত্ত্বেও \_\_\_\_\_-এর মধ্যে অভিভাবক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম পূরণ করে \_\_\_\_\_-এর কাছে ফেরত দিতে হবে।

আমরা সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাবো আপনার সন্তানের জন্য কর্মসূচী নির্বাচনে আপনার পছন্দকে সম্মান জানাতে। সে যাই হোক, যে সমস্ত পিতা-মাতারা তাদের সন্তানের জন্য ক্রান্তিকালীন দ্বি-ভাষী শিক্ষা কর্মসূচী নির্বাচন করেছেন, যা বর্তমানে আমাদের স্কুলে নেই, তারা তাদের সন্তানকে একই ডিস্ট্রিক্ট-এর অন্য কোন স্কুলে, যেখানে

## Appendix C

### ENTITLEMENT LETTER

অনুরূপ কর্মসূচী আছে, সেখানে বদলি করতে পারেন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, নিউ ইয়র্ক স্টেট-এর শিক্ষা কমিশনার বিধির ১৫৪ নং ধারা অনুযায়ী এবং আপনার সন্তানের যোগ্যতা অনুযায়ী ন্যূনতমভাবে আপনার সন্তানকে স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচীতে অংশগ্রহণ করতে হবে।

যে কর্মসূচী আপনি আপনার সন্তানের জন্য পছন্দ করবেন, তা হবে পুরো \_\_\_\_\_ স্কুল বৎসরের জন্য। আপনার সন্তানের অব্যাহত যোগ্যতা প্রমাণ হবে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিয়েভমেন্ট টেস্ট (NYSESLAT)-এ তার অর্জিত ফলাফলের মূল্যায়নের ভিত্তিতে, যা এ বসন্তে প্রযুক্ত হবে। আপনার সন্তানের স্বার্থে এটা সবচেয়ে ভালো হবে, যদি বর্তমানে সে যে কর্মসূচীতে আছে, সে কর্মসূচীর সেবা সে যতোদিন পর্যন্ত পেতে পারে, ততোদিন পর্যন্ত যদি সে সেখানেই থাকে। গবেষণায় দেখা গেছে যে, যে সমস্ত শিক্ষার্থীরা বৎসরের পর বৎসর ধরে একই কর্মসূচীতে যাচ্ছে, তারা সিটি এবং স্টেটের পরীক্ষায় আদর্শ মানের ইংরেজী এবং গণিতে ভালো কৃতিত্ব অর্জন করেছে এবং যারা বিভিন্ন বিকল্প কর্মসূচীতে গিয়েছে, তাদের চেয়ে বেশী প্রাতিষ্ঠানিক সাফল্য দেখাচ্ছে।

আমরা আমাদের স্কুলে আপনার সন্তানের একটি সফল প্রাতিষ্ঠানিক বছর দেখার প্রতীক্ষায় আছি। আপনার সন্তানের বিকল্প কর্মসূচী সম্বন্ধে যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে \_\_\_\_\_-এর সাথে \_\_\_\_\_—এ যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

---